



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালত
কুমিল্লা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্নে তফসিলে উল্লেখিত আসামিদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি রহিয়াছে এবং যেহেতু তাহাদের বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধির ৮৭/৮৮ ধারার বিধান মতে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করার যুক্তি সংগত কারণ রহিয়াছে যে, নিম্নবর্ণিত আসামিগণ তাহাদের গ্রেফতার বা বিচারে সোপর্দকরণ প্রক্রিয়া এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামিদের আশু গ্রেফতার হইবার কোনো সম্ভাবনা নাই।

সেহেতু, এক্ষণে, ১৯৫৮ সনের ফৌজদারি আইন সংশোধনী এ্যাক্ট ৬(১এ) ধারার বিধান অনুযায়ী নিম্নলিখিত আসামিগণকে তাহাদের নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের ৩০(ত্রিশ) দিনের মধ্যে কুমিল্লা স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া গেল। অন্যথায়, তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	মামলার নম্বর, ধারা ও তারিখ	আসামিদের নাম, পিতার নাম ও ঠিকানা
১.	স্পেশাল মামলা নং-১৩/২২, দুদক, সজেকা, কুমিল্লা মামলা নং- ০৩, তারিখ:-০৩-১১-২০১৯, ধারা: পেনাল কোডের ৪০৯/ ২০১/১০৯ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।	১। মোঃ শাহজালাল, পিতা- মোঃ ইদ্রিস মিয়া, সাং-শুভপুর, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা। ২। মোঃ আবু ইউসুফ, পিতামৃত-ইউনুছ মিয়া, সাং-শুভপুর, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা। ৩। মোঃ ইয়াছিন মিয়া, পিতা- কলিম উদ্দিন, সাং-পাশাকোট, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা।

(৪৫১)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	মামলার নম্বর, ধারা ও তারিখ	আসামিদের নাম, পিতার নাম ও ঠিকানা
	স্পেশাল মামলা নং-১৩/২২, দুদক, সজেকা, কুমিল্লা মামলা নং- ০৩, তারিখ:-০৩-১১-২০১৯, ধারা: পেনাল কোডের ৪০৯/ ২০১/১০৯ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।	৪। মোঃ মাইন উদ্দিন মজুমদার, পিতা- জহিরুল হক মজুমদার, সাং-বসন্তপুর, থানা-চৌদ্দগ্রাম, জেলা- কুমিল্লা। ৫। মোঃ মজিবুল হক, পিতা-মোঃ ওয়াহেদ আলী, সাং-বসন্তপুর, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা।

সামছুন্নাহার

স্পেশাল জজ (সিনিয়র জেলা ও দায়রা জজ)
কুমিল্লা।